

উপজেলা পরিষদ  
তারাগঞ্জ, রংপুর।



স্মারক নং-

৪২৩

তাং- ১৩/০২/২০ ২২ ইং

### “ সভার নোটিশ ”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আগামী ১৭/০২/২০২২ খ্রি. বেলা ১২.০০ ঘটিকায় জনাব মোসাঃ সাবিনা ইয়াসমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হইবে।

নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা করা হইলো।

সভার আলোচ্য সূচী :

০১. গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ;
০২. মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক সার্বিক আলোচনা।
০৩. ইউজিডিপি প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন বিষয়ক আলোচনা।
০৪. বিবিধ।

১৩/০২/২২

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
সদস্য সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি  
তারাগঞ্জ, রংপুর

প্রাপকঃ

- ১। -----অফিসার, তারাগঞ্জ, রংপুর।
- ২। চেয়ারম্যান .....ইউপি, তারাগঞ্জ, রংপুর।
- ৩। -----সদস্য, তারাগঞ্জ, রংপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।
- ৩। অফিস কপি।

মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতিঃ মোসাঃ সাবিনা ইয়াসমিন

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

তারাগঞ্জ, রংপুর ।

তারিখ : ১৭/০২/২০২২ খ্রিঃ

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, তারাগঞ্জ, রংপুর ।

সময় : সকাল ১২.০ ঘটিকা ।

সভার আলোচ্য বিষয়সমূহ :

০১. গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ;
০২. মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক সার্বিক আলোচনা ।
০৩. ইউজিডিপি প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন বিষয়ক আলোচনা ।
০৪. বিবিধ ।

সভাপতি উপস্থিত সন্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভায় কমিটির সদস্য সচিব গত সভার সিদ্ধান্তসহ বিভিন্ন দিক উপস্থাপন করেন । অতঃপর সভায় সকল সদস্যগণ মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক এবং প্রকল্প গ্রহণ বাস্তবায়ন বিষয়ক আলোচনা করেন ।

আলোচনা-০১ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ

সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় ।

সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় ।

০২ । মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক সার্বিক আলোচনা :

সদস্য সচিব জানান যে, তারাগঞ্জ উপজেলায় ৫৯৭ জন জেলেকে নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান হয়েছে । আরও কোন জেলে বাকী থাকলে তাদের নিবন্ধনের আওতায় আনা হবে । এ বিষয়ে উপজেলা প্রশাসন, স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি সহ সর্বস্তরের সকলের সহযোগিতা কামনা করেন । প্রাণীসম্পদ কর্মীরা নিয়মিত খামার পরিদর্শন সহ বিভিন্ন ধরনের সেবা দিয়ে যাচ্ছেন ।


০৩ । ইউজিডিপি প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন বিষয়ক আলোচনা :

ইউজিডিপি প্রকল্পের ২০২০-২১ অর্থবছরের সরকারী ও বেসরকারী টিকা প্রদানকারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গবাদিপ্রাণী ও হাঁসমুরগির টিকা প্রদান শীর্ষক প্রশিক্ষণের অনুমোদন পাওয়া গিয়েছে । উক্ত প্রশিক্ষণ বাস্তবায়নের জন্যে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হচ্ছে । যোগ্য প্রার্থীদের তালিকা দেওয়ার বিষয়ে বলা হয় ।

সিদ্ধান্ত : প্রশিক্ষণার্থীদের তালিকা পেলে প্রশিক্ষণ বাস্তবায়ন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় ।

০৪ । বিবিধঃ আলোচনা নাই ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন ।



মোসাঃ সাবিনা ইয়াসমিন

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটি

তারাগঞ্জ, রংপুর ।

স্মারক নংঃ

৪৬(৫)

তারিখঃ ২৭/০২/২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
- ৪। উপজেলা ----- কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর।
- ৫। চেয়ারম্যান, ----- ইউপি, তারাগঞ্জ, রংপুর।
- ৬। অফিস কপি।





-----  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
সদস্য সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি  
তারাগঞ্জ, রংপুর

উপজেলা পরিষদ  
তারাগঞ্জ, রংপুর।

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, তারাগঞ্জ, রংপুর।

তারিখঃ ১৭/০২/২০২২ ইং

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।	সভাপতি	
০২	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।	সদস্য	
০৩	চেয়ারম্যান, ইকরচালী ইউনিয়ন পরিষদ, তারাগঞ্জ, রংপুর।	সদস্য	
০৪	চেয়ারম্যান, সয়ার ইউনিয়ন পরিষদ, তারাগঞ্জ, রংপুর।	সদস্য	
০৫	উপজেলা মৎস্য / প্রাণিসম্পদ কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর।	সদস্য-সচিব	